# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৯৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মুসলিমদের মাঝে পারস্পরিক ভালবাসা ও সম্পর্ক ঠিক করার জন্য আল্লাহর কাছে প্রার্থনা করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ لِلْمُسْلِمِ أَنْ يَسْأَلَ اللَّهَ رَبَّهُ جَلَّ وَعَلَا التَّآلُفَ بَيْنَ الْمُسْلِمِينَ وَإِصْلَاحَ ذَاتِ بينهم

---

আরবী

993 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ مُرَّةَ الْهَمْدَانِيِّ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ لِلشَّيْطَانِ لمَّةً وللمَلَكِ لَمَّةً فَأَمَّا لَمَّةُ الشَّيْطَانِ فإيعادٌ بِالشَّرِّ وَتَكْذِيبٌ بِالْحَقِّ وَأَمَّا لَمَّةُ الْمَلَكِ فإيعادٌ بِالْخَيْرِ وَتَصْدِيقٌ بِالْحَقِّ فَمَنْ وَجَدَ ذَلِكَ فَلْيَحْمَدِ اللَّهَ وَمَنْ وَجَدَ الْأُخْرَى فَلْيَتَعَوَّذْ مِنَ الشَّيْطَانِ ثُمَّ قَرَأَ {الشيطان يعدكم الفقر .... } الآية [البقرة: 268])
الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 993 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৯৯৩. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই (আদম সন্তানের উপর) শয়তানের প্রভাব রয়েছে এবং ফেরেস্তারও প্রভাব রয়েছে। শয়তানের প্রভাব হলো মন্দ প্রতিশ্রুতি দেওয়া, হককে মিথ্যা প্রতিপন্ন করা, আর ফেরেস্তার প্রভাব হলো কল্যাণের প্রতিশ্রুতি দেওয়া আর হককে সত্যায়ন করা। কাজেই যে ব্যক্তি এই প্রভাব বুঝতে পারবে, সে যেন আল্লাহর প্রশংসা করে, আর যে ব্যক্তি অন্য প্রভাব বুঝতে পারবে, সে যেন শয়তান থেকে আশ্রয় চায়। তারপর তিনি পাঠ করেন, (শয়তান তোমাদের দরিদ্রতার প্রতিশ্রুতি দেয়...।” (সূরা আল বাকারাহ: ২৬৮।)”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ২৯৮৮; তাফসীরে তাবারী: ৩/৮৮; নাসাঈ, আল কুবরা: ৭/১৩৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ১/৭৪/২৭ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89498

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন